# সরকারি আলিমুদ্দিন ডিগ্রি কলেজ

**GOVT. ALIMUDDIN DEGREE COLLEGE**

**হাতীবান্ধা, লালমনিরহাট**

**EIIN-122829**

ই-মেইল: alimuddindegreecollege.bd@gmail.com

ওয়েব সাইট: alimuddin.college.gov.bd

## ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

**"একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৬ (সংশোধিত)" এর নীতি ৬.০ অনুযায়ী ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু সংক্রান্ত সিডিউল:**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১ | ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নের জন্য যারা আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) | ০২/০৯/২০২৬ (বুধবার) থেকে ১০/০৯/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ২ | পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৩ | পছন্দক্রম পরিবর্তনের সময় | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৪ | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ১৬/০৯/২০২৬ (বুধবার রাত ৮:০০ টা) |
| ৫ | শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে) | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ১৮/০৯/২০২৬ (শুক্রবার) (রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৬ | পছন্দক্রম অনুযায়ী মাইগ্রেশনের ফল প্রকাশ | ১৯/০৯/২০২৬ (শনিবার রাত ৮:০০ টা) |
| ৭ | ভর্তি | ২০/০৯/২০২৬ (রবিবার) থেকে ২২/০৯/২০২৬ (মঙ্গলবার) |
| ৮ | ক্লাস শুরু | ২৩ সেপ্টেম্বর, ২০২৬ (বুধবার) |

**বি.দ্র: এ কলেজে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের'ভর্তি উৎসব'অনুষ্ঠিত হবে ২২/০৯/২০২৬ খ্রি. মঙ্গলবার, সকাল: ১০.৩০ ঘটিকায়।**

➢ **এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ যোগ্য শিক্ষার্থী এই প্রতিষ্ঠানে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য Online-এর মাধ্যমে আবেদন করতে পারবে:**

| ক্রমিক | বিভাগ ও ভার্সন | নূন্যতম জি.পি.এ | অনুমোদিত আসন সংখ্যা |
|---|---|---|---|
| ১ | বিজ্ঞান (বাংলা ভার্সন) | ৩.৫০ | ২০০ |
| ২ | মানবিক (বাংলা ভার্সন) | ৩.০০ | ৪৩০ |
| ৩ | ব্যবসায় শিক্ষা (বাংলা ভার্সন) | ২.০০ | ১৫০ |

➢ ভর্তির জন্য অনলাইন (www.xiclassadmission.gov.bd) এর মাধ্যমে আবেদন করতে হবে।

➢ কলেজ পছন্দক্রমের ক্ষেত্রে: সরকারি আলিমুদ্দিন ডিগ্রি কলেজ, হাতীবান্ধা, লালমনিরহাট-এ (EIIN: 122829) ভর্তিচ্ছু শিক্ষার্থীকে পছন্দক্রম তালিকায় অবশ্যই এই কলেজকে ০১ (এক) নম্বরে রাখতে হবে।

### ➢ ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের করনীয়:

সরকারি আলিমুদ্দিন ডিগ্রি কলেজ, হাতীবান্ধা, লালমনিরহাট-এ (EIIN: 122829) আবেদনকারী শিক্ষার্থীদের মধ্যে চূড়ান্ত নির্বাচিত শিক্ষার্থীকে নিম্নোক্ত কাগজপত্রসমূহ এই প্রতিষ্ঠানের উচ্চ মাধ্যমিক অফিস কক্ষে ২০/০৯/২০২৬ থেকে ২২/০৯/২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন জমা দিতে হবে।

ক. https://alimuddin.college.eshiksaems.com/ ওয়েব সাইটে ইউজার ও পাসওয়ার্ড হিসেবে alimuddinstudent ব্যবহার করে ভর্তি আবেদন ফরমপূরণ ও পেমেন্ট সম্পন্ন করে এর প্রিন্ট কপি।

ক. এসএসসি পরীক্ষা-২০২৬ এর প্রবেশপত্রের ফটোকপি।

খ. এসএসসির রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

গ. এসএসসির নম্বরপত্রের ইন্টারনেট কপি।

ঘ. অভিভাবকের সচল মোবাইল নম্বর এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

ঙ. শিক্ষার্থীর সচল মোবাইল নম্বর এবং জন্মনিবন্ধন বা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

চ. রক্তের গ্রুপ সনদের ফটোকপি।

## ➤ নির্বাচিত শিক্ষার্থীদের বিভাগ নির্বাচনের ক্ষেত্রে:

ক. বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের যে কোন একটিতে আবেদন করতে পারবে।
তবে বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা অন্য বিভাগে একবার ভর্তি হওয়ার পর পরবর্তীতে আর বিজ্ঞান বিভাগে প্রত্যাবর্তন করতে পারবে না।
খ. মানবিক বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগের যে কোন একটিতে আবেদন করতে পারবে।
গ. ব্যবসায় শিক্ষা বিভাগ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগের যে কোন একটিতে আবেদন করতে পারবে।

## ➤ এই প্রতিষ্ঠানে পঠিতব্য বিষয়সমূহ:

| | |
|---|---|
| আবশ্যিক বিষয়সমূহ | বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি |
| বিজ্ঞান শাখা | পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, উচ্চতর গণিত |
| মানবিক শাখা | ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, পৌরনীতি ও সুশাসন, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, যুক্তিবিদ্যা, অর্থনীতি, ভূগোল |
| ব্যবসায় শিক্ষা শাখা | হিসাববিজ্ঞান, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, অর্থনীতি, ভূগোল |
| ৪র্থ বিষয়সমূহ | মনোবিজ্ঞান, কৃষিশিক্ষা, গার্হস্থ্যবিজ্ঞান, ইসলামী শিক্ষা, পরিসংখ্যান |

## ➤ আবাসিক ব্যবস্থা:

এই প্রতিষ্ঠানের রয়েছে একটি সমৃদ্ধ ছাত্রাবাস যা প্রতিষ্ঠানের নিজস্ব তত্ত্বাবধানে পরিচালিত হয়ে থাকে। হোস্টেলে অবস্থানরত শিক্ষার্থীরা নিরাপত্তা ও পরিবারের সাথে যোগাযোগের জন্য শুধু বাটন মোবাইল ফোন ব্যবহার করতে পারবে।

## ➤ মেডিকেল কলেজ ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তির সফলতা:

প্রতি বছর এই প্রতিষ্ঠান হতে উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থী সরকারি মেডিকেল কলেজ, স্বনামখ্যাত প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের স্বনামধন্য পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে অভাবনীয় সাফল্য অর্জন করছে।

## ➤ ক্লাব কার্যক্রম:

এই প্রতিষ্ঠান কর্তৃক বিজ্ঞান ক্লাব, বিতর্ক ক্লাব, শারীরিক শিক্ষা ক্লাব, Sports ক্লাব, ল্যাঙ্গুয়েজ ক্লাব, ICT Coding and AI ক্লাব পরিচালিত হয়ে থাকে।

## ➤ আমাদের বৈশিষ্ট্যসমূহ:

ক. শ্রেণিপাঠদান পরিকল্পনার মাধ্যমে ক্লাস পরিচালনা করা হয়।
খ. নিয়মিত সাপ্তাহিক ও পাক্ষিক ক্লাস টেস্ট গ্রহণ করা হয়।
গ. মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাস গ্রহণ করা হয়।
ঘ. সিসিটিভি ক্যামেরার মাধ্যমে শ্রেণিকক্ষসহ সম্পূর্ণ ক্যাম্পাস সার্বক্ষণিক মনিটরিং করা হয়।
ঙ. অত্যাধুনিক বিজ্ঞানাগার ও আইসিটি ল্যাবের সাহায্যে হাতে-কলমে শিক্ষা প্রদান করা হয়। সার্বক্ষণিক নিরবচ্ছিন্ন নিজস্ব বিদ্যুৎ ব্যবস্থার মাধ্যমে পাঠদানকে গতিশীল করা হয়।
চ. সমৃদ্ধ ওয়েবসাইটের মাধ্যমে প্রতিষ্ঠানের যে কোন হালনাগাদ তথ্য প্রাপ্তির ব্যবস্থা ও অটোমেশন সফট্ওয়ার/অনলাইনের মাধ্যমে টিউশন ফি পরিশোধের সুব্যবস্থা রয়েছে।
ছ. মোবাইল Apps এর মাধ্যমে শিক্ষার্থীর ফলাফল, টিউশন ফি ও অন্যান্য যে কোন তথ্য অভিভাবকগণ সহজে প্রাপ্তির ব্যবস্থা বিদ্যমান রয়েছে।
জ. বিএনসিসি, স্কাউট ও রেড ক্রিসেন্ট প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের নেতৃত্বের গুণাবলি বিকাশের সুযোগ রয়েছে।

- ➤ সরকারি আলিমুদ্দিন ডিগ্রি কলেজ, হাতীবান্ধা, লালমনিরহাট একটি রাজনীতিমুক্ত শিক্ষা প্রতিষ্ঠান। তাই কলেজ ক্যাম্পাস ও কলেজ ক্যাম্পাসের বাইরে (কলেজের ইউনিফরম পরিধান করে) কোনো মিটিং, মিছিল ও সমাবেশ করা যাবে না এবং কলেজ ক্যাম্পাসে সকল ধরনের মোবাইল ফোন ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।
- ➤ যে সকল শিক্ষার্থী কলেজ কর্তৃক নির্ধারিত 'ইউনিফর্ম' পরিধান, কলেজ আইডি কার্ড ব্যবহার, নিয়মিত ক্লাস, নিয়মিত সাপ্তাহিক ও পাক্ষিক ক্লাস টেস্ট এ অংশগ্রহণ করতে চায় না তাদের আবেদন করার প্রয়োজন নেই।
- ➤ ভুল/অসত্য তথ্য প্রদান করে ভর্তি হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে ।
- ➤ শিক্ষা মন্ত্রণালয়/বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড/মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর কর্তৃক সর্বশেষ জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী অনলাইন ভর্তি কার্যক্রম চলমান থাকবে।

## ➤ ভর্তি সংক্রান্ত যে কোনো বিষয়ে যোগাযোগ করুন:

**০১৭২৩১১৫৭১৯, ০১৭৩৪৫৭৭৮৪২, ০১৭১৭৪৪২২৬৪, ০১৭১৯৩৬০০৬৯, ০১৭২৩৩১৫৭৪৪**

30.08.2026 | 30.08.26
---|---
**মো. তহিজার রহমান (০২৫৩৫৯)** | **মো. আব্দুর রাহমান**
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) | আহ্বায়ক
সরকারি আলিমুদ্দিন ডিগ্রি কলেজ | একাদশ শ্রেণি ভর্তি ও রেজিস্ট্রেশন কমিটি-২০২৬
হাতীবান্ধা, লালমনিরহাট | সরকারি আলিমুদ্দিন ডিগ্রি কলেজ
| হাতীবান্ধা, লালমনিরহাট

মো. তহিজার রহমান (০২৫৩৫৯)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি আলিমুদ্দিন ডিগ্রি কলেজ
হাতীবান্ধা, লালমনিরহাট